


# ৮ বিভাগীয় শহরে ঢাবির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

অনলাইন ডেস্ক

৬ মে ২০২৩ ০১:১৭ পিএম | আপডেট: ৬ মে ২০২৩  
০১:২৭ পিএম

1  
Shares



ফাইল ছবি

advertisement

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বেলা ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ একযোগে দেশের আট বিভাগীয় কেন্দ্রে ভর্তি পরীক্ষা শুরু হয়ে চলে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত।

এ ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে এ বছর বিভাগীয় পর্যায়ে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। এর আগে গত ২৯ এপ্রিল চারুকলা ইউনিটের ভর্তি পরীক্ষা শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে।

advertisement

বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী, পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার হলে প্রবেশ করেন শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বেলা ১১টা ১৫ মিনিটে কলা ভবন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

**আরও পড়ুন: বিস্ফোরণে দগ্ধ জবি শিক্ষার্থীর মৃত্যু**

advertisement

কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় ১ লাখ ২২ হাজার ৮৮২ জন পরীক্ষার্থীর অংশ নেওয়ার কথা রয়েছে। এ ইউনিটে মোট আসন সংখ্যা ২ হাজার ৯৩৪টি। সেই হিসাবে প্রতিটি আসনের জন্য লড়ছেন প্রায় ৪২ জন শিক্ষার্থী।

ভর্তি পরীক্ষার কেন্দ্রগুলো হলো- ঢাকা বিভাগের পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি), রাজশাহী বিভাগের রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি), চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি), সিলেট বিভাগের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি), খুলনা বিভাগের খুলনা বিশ্ববিদ্যালয়ে (খুবি), রংপুর বিভাগের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি), ময়মনসিংহ বিভাগের পরীক্ষা বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) এবং বরিশাল বিভাগের বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

এর আগে চারুকলা ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হয় ঢাবির এবারের ভর্তি যুদ্ধ। এছাড়া আগামী ১২ মে বিজ্ঞান ইউনিট এবং ১৩ মে ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব পরীক্ষাও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ একযোগে দেশের আট বিভাগীয় কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, এবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় চারটি ইউনিটে মোট আসন সংখ্যা ৫ হাজার ৯৬৫ টি। মোট আবেদনকারীর সংখ্যা ২ লাখ ৯৮ হাজার ৪২৯।